# তৈরী হওয়া যাক!

আপনি স্ট্যাটেন আইল্যাণ্ড, ব্রুকলিন, কুইন্স্, ব্রংক্স্ অথবা ম্যানহ্যাটন যেখানেই বাস করুন না কেন চালাক এবং নিরাপদ থাকা সর্বদা ভাল। আপনি কী একটা জরুরী অবস্থার জন্য তৈরী? আপনার পরিবারের কী একটা পরিকল্পনা আছে? আপনি কী আপনার স্কুলের পরিকল্পনা জানেন? নিম্নলিখিত কবিতাটা পড়ে দেখুন পাঁচটা বরোর সর্বত্র কিছু বাচ্চা কী ভাবে তৈরী হচ্ছে। আপনি যখন আপনার নিজের পরিবারের পরিকল্পনা বানাবেন, তখন আপনি যে কোন পরিস্থিতির জন্য তৈরী থাকবেন!

কবিতাটা পড়ার পর, মানচিত্রটা দেখুন এবং আপনার বাড়ি, স্কুল, এবং পাড়ার গ্রন্থাগার যেখানে অবস্থিত তার ওপর একটা তারা চিহ্ন দিন।




## 1 তৈরী হন: একটা পরিকল্পনা বানান

একটা **পরিকল্পনা বানাবার সময়** আমাদের এসে গেছে
যদি আমরা একসাথে না থাকি
**কোথায় প্রিয়জনদের সাথে দেখা হবে** তার পরিকল্পনা
যে কোন আবহাওয়ায়

আমাদের দরকার হবে **ফোন নম্বর**
আমাদের **জোগা.ড়.করতে হবে দুটো**
একটা আপনার **বাড়ির** কাছে থাকে এমন লোকের জন্য
অন্য একটা যে **আপনার থেকে দূরে** থাকে তার জন্য

একটা **পরিকল্পনা করার সময়** আমাদের এসে গেছে
আমরা যেখানেই থাকি না কেন
**বাড়ির বাইরে** আমরা কোথায় **দেখা করব**
**নিকটে** কোন একটা জায়গায়, **দূরে** অন্য কোথাও

একটা পরিকল্পনা নিয়ে **তৈরী থাকলে**
আমরা জানি আমরা
**নিরাপদ** এবং **তৈরী থাকব**
জরুরী অবস্থার জন্য **তৈরী**

নিশ্চিত হবার জন্য **আমরা পরিকল্পনার মহড়া** দেব
আমরা জানি আমাদের **কী করতে হবে**
আমরা যে ব্যবস্থা নেব তার বিষয়ে আমরা কথা বলব
এবং **সব কিছু লিখে রাখব**

## 2 তৈরী হও: বাড়িতে ব্যবস্থা কর

**বাড়িতে থাকার জন্য তৈরী হওয়া**
এক বা কয়েকদিন
আমাদের একটা **স্টে-অ্যাট-হোম কিট (Stay-at-Home Kit)** লাগবে
একটা নানাভাবে **কাজের** জিনিস

রাতে আলোর জন্য একটা **টর্চ**
একটা **বাঁশির** উপকারী ধ্বনি
**টিনের খাবার** এবং **বোতলে ভরা জল**
এসব হাতের কাছে থাকবে

হাতে কিট নিয়ে তৈরী
**এক জায়গায়** তিনটে জায়গায় নয়
আমাদের পরিবার **বাড়িতে নিরাপদ** থাকবে
একটা সংকটের জন্য **তৈরী**

## 3 যাবার জন্য তৈরী হও: ব্যাগ গোছাও

অনেক সময় পরিবারদের **যেতেই হয়**
এবং কিছুদিন **বাড়ি ছেড়ে**
যখন **হঠাৎ** কিছু হয়
তখন বাড়তি কিছু করতে হয়

একটা **গো ব্যাগ**, অতে যত্ন করে সব ভরা
**আরামে যেতে** সহায্য করবে
যা আমাদের **দরকার** এবং **প্রিয়** সেই জিনিস আনো
সময় কাটাবার জন্য

আমাদের সবার জন্য কিছু **খাবার ও পানীয়**
দেখার জন্য একটা **মানচিত্র** এবং **টর্চ**
**একটা প্রিয় বই** এবং **রেডিও** ব্যাগে রাখো
(ব্যাটারিগুলিও সঙ্গে নিও!)

**আমরা** এখন সব ব্যাপারে **তৈরী**
যাই হোক না কেন
আমরা যদি **বাইরে কোথাও, স্কুল** বা বাড়িতে থাকি
**আমাদের পরিকল্পনা** প্রায় তৈরী।

স্কুলে আমরা **শিক্ষকের কথা** শুনব
বাড়িতে আমাদের **পারিবারিক পরিকল্পনা**
সব কিছুর জন্য আমরা তৈরী
একটা সংকটকালের জন্য **তৈরী**

# পরিবারের পৃষ্ঠাগুলিঃ ক্রমশ

## 3 যাবার জন্য তৈরী থাকুন : একটা গো ব্যাগ (Go Bag) গুছিয়ে রাখ



জরুরী অবস্থার সময় আপনাকে হয়ত দ্রুত বাড়ি থেকে চলে যেতে হবে। আপনার বাড়ির সবার একটা গো ব্যাগ থাকা উচিত (পোষা জীবদেরও!)।

গো ব্যাগটা পোক্ত এবং সহজে নিয়ে যাবার মত হওয়া উচিত, যেমন একটা ব্যাক প্যাক অথবা চাকা লাগানো সুটকেস। বছরে অন্তত দুবার জিনিসগুলি ঠিক আছে কী না দেখে রাখবেন যাতে সব সময় সেগুলি তৈরী থাকে।

**আপনার গো ব্যাগের মধ্যে থাকা উচিত:**

- ✔ আপনার গুরুত্বপূর্ণ দলিলগুলির নকল (ফটো পরিচয়পত্র, বীমা কার্ড, জন্ম তারিখের প্রমাণপত্র, অথবা গাড়ী বা বাড়ির মালিকানা) একটা জল ঢোকে না এমন পাত্রের মধ্যে
- ✔ গাড়ীর এবং বাড়ির বাড়তি চাবিগুলি
- ✔ ক্রেডিট এবং ATM কার্ডের নকল এবং খুচরো টাকা
- ✔ বোতলে ভরা জল এবং পচে না এমন খাবার যেমন শক্তিদায়ক অথবা গ্র্যানোলার টুকরো
- ✔ টুথপেস্ট, টুথ ব্রাশ, ভেজা মোছার কাগজ, শিশুসেবার জিনিসপত্র, এবং এর মত অন্য জিনিসগুলি
- ✔ টর্চলাইট
- ✔ ব্যাটারি চালিত AM/FM রেডিও এবং বাড়তি ব্যাটারি
- ✔ আপনার পরিবারের প্রত্যেক ব্যক্তি যে ওষুধ নেয় তার একটা তালিকা
- ✔ প্রাথমিক চিকিৎসা বাক্সো
- ✔ আপনার পরিবারের ফোন নম্বর এবং দেখা করার জায়গার তথ্য
- ✔ নিউ ইয়র্ক সিটি অঞ্চলের একটা ছোট মানচিত্র








গো ব্যাগে সব কিছু রাখার পর দেখে নিন সেটা আপনি অনায়াসে বহন করতে পারবেন।


ফটোসমূহ: © iStockphoto; প্রাথমিক চিকিৎসার সাজ-সরঞ্জাম, © Lew Robertson/Corbis.


### পারিবারিক আপৎকালীন পরিকল্পনা

দূরে থাকা বন্ধু/আত্মীয়ের ফোন #: __________

অন্য গুরুত্বপূর্ণ তথ্য: __________

## 311 এবং 911 ডায়াল করা

(আপনি কী জানেন কখন এগুলি ব্যবহার করতে হয়?)

**911 কে ফোন করবেন...**

- ✔ যখন বিপদ হয়েছে অথবা একটা অপরাধের ঘটনা দেখছেন
- ✔ গুরুতর আঘাত বা চিকিৎসার জন্য
- ✔ অজরুরী অবস্থা অথবা বিদ্যুৎ না থাকার জন্য **911**-এ ফোন করবেন না (জরুরী ফোনের জন্য ফোনের লাইন খালি রাখুন)।

**311 কে ফোন করবেন...**

যখন আপনার অজরুরী পরিষেবা ও তথ্যের দরকার হবে যেমন:

- ✔ স্কুল এবং স্কুলের পরের কার্যক্রম
- ✔ স্কুল বাসের খবর
- ✔ শহরের সার্বজনীন সাঁতারের পুল এবং তাদের খোলা থাকার সময়
- ✔ আপনার পাড়ার মধ্যে স্বেচ্ছাসেবী কার্যকলাপ
- ✔ সংকটকালে কী ভাবে পোষা জীবদের রক্ষা করা যায় ("রেডি নিউইয়র্ক ফর পেটস"-এর খোঁজ করুন)
- ✔ পরিবারের সদস্যদের জন্য স্বাস্থ্য এবং পরামর্শ পরিষেবা

311-এ আপনি 24 ঘন্টা কথা বলার জন্য একজন অপারেটর পাবেন। 170 ভাষার জন্য অনুবাদক পাওয়া যায়।

**আপৎকালীন অবস্থার জন্য 311 কে ফোন করবেন না।**

অংক ধাঁধাঁর উত্তর
*টিয়ার-আউট ফ্যামিলি পেজেস থেকে*

| | | | |
|---|---|---|---|
| 4 | 3 | 0 | 7 |
| 3 | 2 | 1 | 6 |
| 2 | 0 | 2 | 4 |
| 9 | 5 | 3 | |

# পরিবারের পৃষ্ঠাগুলি ছিঁড়ে নিন

(বাবা-মা এবং অভিভাবকের জন্য)

সংকটকালে নিজেকে এবং আপনার পরিবারকে নিরাপদ রাখার জন্য পরবর্তী ধাপগুলি অনুসরণ করুন

## 1 তৈরী হোন : একটা পরিকল্পনা করুন

সংকটকালের জন্য প্রত্যেক স্কুলের একটা পরিকল্পনা আছে। স্কুল সেফ্টি প্ল্যানস-এর বিষয়ে আরো তথ্যের জন্য আপনার বাচ্চার স্কুল থেকে পেরেন্ট গাইড চেয়ে নিন।

জরুরী অবস্থা কী ভাবে সামলাবেন পরিবারের সাথে আলোচনা করে তার একটা পরিকল্পনা সৃষ্টি করুন। পরিবারের সবার সাথে যদি যোগাযোগ থাকে, তাহলে সংকটের সময় সবাই ভালভাবে সামলাতে পারবে। সংকটকালে নিজেকে এবং আপনার পরিবারকে নিরাপদ রাখার জন্য নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করুন।

- ✔ আপনার পরিবারের প্রত্যেক ব্যক্তির ফোন নম্বর এবং তারা যে সব জায়গায় সময় কাটায় (কাজের জায়গা, স্কুল ইত্যাদি) তার একটা তালিকা বানান। আপনার ছেলে(দের) অথবা মেয়ে(দের); স্বামী অথবা স্ত্রী; আপনার বাচ্চা (অথবা বাচ্চারা) স্কুল(গুলি); ইত্যাদি সামিল করুন।
- ✔ আপনার পরিবারের সাথে যোগাযোগ করার জন্য, একটা নির্দিষ্ট জায়গায় দেখা করার পরিকল্পনা করুন। আপনার দেখা করার জায়গার নাম এবং অবস্থান লিখে রাখুন।
- ✔ আপনার পরিবারের যদি সবাইকে না পাওয়া যায়, তাহলে দূরে বসবাসকারী আপনার কোন পরিচিত ব্যক্তিকে ফোন করুন। তার নাম এবং ফোন নম্বর লিখে রাখুন। আপনার "দূরে বসবাসকারী" ব্যক্তিকে আপনার সংকটকালের পরিকল্পনার নকল দিন। নিশ্চিত করুন সে আপনার আদান-প্রদানের কেন্দ্র হতে রাজি হবে।
- ✔ ডানদিকের এমার্জেন্সি প্ল্যান কার্ডটা ভর্তি করুন। এই কার্ডের এবং আপনার পরিকল্পনার অন্তর্ভুক্ত প্রত্যেক ব্যক্তির জন্য আপনার ফ্যামিলি প্ল্যান-এর একটা নকল বানান।

## 2 তৈরী হোন: বাড়িতে থাকার জন্য তৈরী থাকুন



সংকটকালে আপনাকে বাড়িতে থাকতে হতে পারে। এই ক্ষেত্রে অন্তত তিন দিনের জন্য আপনার জিনিসপত্র থাকা উচিত। এই জিনিসগুলি একটা আলাদা পাত্রে অথবা বিশেষ আলমারিতে রাখবেন।

**আপনার স্টে-অ্যাট-হোম সাজ সরঞ্জামের মধ্যে থাকা উচিত:**



- ✔ প্রত্যেক ব্যক্তির জন্য দৈনিক এক গ্যালন পানীয় জল
- ✔ পচে না এমন, রান্না করা টিনের খাবার এবং হাত দিয়ে টিন কাটার একটা যন্ত্র
- ✔ প্রাথমিক চিকিৎসার বাক্স, টর্চ এবং বাঁশি
- ✔ ব্যাটারি চালিত রেডিও এবং বাড়তি ব্যাটারি
- ✔ আয়োডিন ট্যাবলেট অথবা এক কোয়ার্টার সুগন্ধহীন ব্লিচ (কেবল জল জীবাণুমুক্ত করার জন্য স্বাস্থ্য কর্মচারীরা যদি সে রকম নির্দেশ দেয়) এবং ড্রপার (জলে ব্লিচ দেবার জন্য)
- ✔ একটা ফোন যেটা বিদ্যুৎ ছাড়া কাজ করতে পারে। অধিকাংশ ল্যাণ্ডলাইনের বিদ্যুৎ দরকার। সংকটকালে একটা সেলফোনের কাজ করা উচিত যতক্ষণ তার ব্যাটারির চার্জ থাকে।

ফটোসমূহ, ওপর থেকে নীচে: © James Baigrie/Digital Vision/Getty Images; © LWA/Photodisc/Getty Images; © Jupiterimage/Ablestock/Alamy.

## অংকের ধাঁধাঁ: নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক

নিম্নলিখিত অংকের ধাঁধাঁয় যে নম্বরগুলি নেই তা ভর্তি করার জন্য আপনার নম্বরের স্মার্টস ব্যবহার করুন। প্রত্যেক সারির নম্বরের যোগফল ডানদিকে দেওয়া আছে। প্রত্যেক কলমের নম্বরের যোগফল নীচের দিকে দেওয়া আছে। ধাঁধাঁ সমাধান করার জন্য 0 থেকে 9 পর্যন্ত নম্বর ব্যবহার করুন।

ধাঁধাঁটা শেষ করার পর প্রত্যেক রঙীন খোপের নম্বর মেলান নিউ ইয়র্কের কিছু বাস্তব তথ্য জানার জন্য।

| | | | |
|---|---|---|---|
| | 3 | | 7 |
| | | 1 | 6 |
| 2 | 0 | | 4 |
| 9 | 5 | 3 | |

### নিউ ইয়র্কের বাস্তব তথ্য

| |
|---|
| 7: নিউ ইয়র্ক সিটি-তে, জানুয়ারি মাসের গড় বরফপাত হচ্ছে 7 ইঞ্চি। ম্যানহ্যাটন-এর সেভেন্থ্ অ্যাভিনিউ-এর আর একটা নাম হচ্ছে ফ্যাশন অ্যাভিনিউ। NYC-এ 7টি পেশাদার খেলাধূলার দল আছে। |
| 6: 1998 এবং 2006 সালের মধ্যে 6 মিলিয়ন বিদেশী অতিথি নিউইয়র্ক সিটি-তে এসেছে। নিউইয়র্ক সিটি-র স্মারকের 6 টি অংশ আছে (শহরের সরকারি পতাকায় এবং এই পুস্তিকার পেছনের মলাটে দেখানো আছে): যেগুলি হচ্ছে ঢাল, মানুষ, শহরের জন্মবছর, আমেরিকান ঈগল পাখি, ল্যাটিন ভাষায় স্মারকের নাম, এবং একটা পাতাযুক্ত গাছের ডাল (যাকে লরেল) বলা হয়। |
| 4: প্রতি 4 বছর অন্তর মেয়র নির্বাচিত হন, এবং নিউ ইয়র্ক সিটি-র নির্বাহী শাখার প্রধান থাকেন। |
| 9: ব্রডওয়ে, যেটা লোয়ার ম্যানহ্যাটন-এর বাউলিং গ্রীন থেকে শুরু হয়ে অ্যালবানি পর্যন্ত যায়, সেটা বিশ্বের একটা অন্যতম দীর্ঘ রাস্তা যার দৈর্ঘ্য হচ্ছে 150 মাইল (241 কিলোমিটার)। এই রাস্তাটার সরকারি নাম হচ্ছে হাইওয়ে 9 |
| 5: নিউ ইয়র্ক সিটি-তে 5 টি বরো আছে। |
| 3: ম্যানহ্যাটন-এর রাস্তার নক্সায় প্রধানত অ্যাভেনিউ এবং স্ট্রিট আছে। দু'টো অ্যাভেনিউ-এর মধ্যে ব্যবধান দু'টো স্ট্রিটের ব্যবধানের থেকে প্রায় 3 গুণ বেশি। |

আপনার গেট রেডি প্ল্যান-এর ধাপ 3 পাবার জন্য এই পাতাটা ওল্টান।

### পারিবারিক আপৎকালীন পরিকল্পনা

আপনার নাম: __________

বাবা-মা/অভিভাবকের নাম: __________

বাবা-মা/অভিভাবকের ফোন #: __________

পাড়ার মধ্যে দেখা করার জায়গা: __________

## নিউ ইয়র্ক একটা দারুণ জায়গা!

ব্রুকলিন ব্রিজের এই ছবিটা রং করুন।



## একটা সংকটকালের জন্য হেল্প পাপি প্ল্যান!

আপনার পারিবারিক আপৎকালীন পরিকল্পনা তৈরী হয়ে গেছে, এখন আপনার পোষা জন্তুর জন্যও একটা পরিকল্পনা বানান! ডানদিকের গোলক ধাঁধাঁ অনুসরণ করে অন্তত 4 টি জিনিস সংগ্রহ করুন যেটা আপনার পোষা জন্তুর জন্য দরকার হতে পারে যখন আপনি বেরিয়ে যাবেন।




NYC
Emergency Management
Department of Education

# প্রস্তুত হওয়া যাক, নিউ ইয়র্ক!

## অপ্রত্যাশিত কিছুর জন্য তৈরী থাকা বুদ্ধিমানের কাজ



কী ভাবে থাকতে হবে তা জেনে নিন:

- আপৎকালীন পরিস্থিতির জন্য **তৈরী থাকুন**
- **তৈরী থাকা** এবং কী করতে হবে তা জানা
- প্রয়োজন হলে যাবার জন্য **তৈরী থাকুন!**

এই রেডি নিউ ইয়র্ক ফর কিড্স্ (Ready New York for Kids) বাচ্চাদের গল্পের বই যার সম্পত্তি : __________

## প্রস্তুত হওয়া যাক, নিউ ইয়র্ক!

এই বইয়ের সাহায্যে আপনি আপনার পাড়া অথবা শহরের চারপাশে একটা আপৎকালীন পরিস্থিতির জন্য একটা পরিকল্পনা শুরু করতে পারবেন। নিউ ইয়র্ক তৈরী হচ্ছে...এখন আপনিও কীভাবে তৈরী হতে পারেন তা জানার জন্য পৃষ্ঠাগুলি ওল্টান!




সুতরাং তৈরী হও, নিউ ইয়র্ক। এটাই হবে নিরাপদ এবং বুদ্ধিমানের কাজ! আরো জানার জন্য, পাত ওলটান।